তোমরা পাকা চুল-দাঁড়ি উপড়ে ফেলো না। কেননা এগুলো মুসলিমের জন্য কিয়ামতের দিন উজ্জ্বল নূর হবে।

‘আমর ইবন শু‘আইব রহ. তার পিতা থেকে, তিনি তার পিতা (‘আমরের পিতামহ) থেকে মারফু‘ হিসেবে বর্ণনা করেন, “তোমরা পাকা চুল-দাঁড়ি উপড়ে ফেলো না। কেননা এগুলো মুসলিমের জন্য কিয়ামতের দিন উজ্জ্বল নূর হবে।” [সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি
আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম পাকা চুল উপড়ে ফেলতে নিষেধ করেছেন। হোক তা মাথার চুল অথবা দাঁড়ি অথবা শরীরের অন্য অংশের চুল। কেননা এ বার্ধক্য তার জন্য কিয়ামতের দিন নূর হবে। ইমাম সুয়ূতী কর্তৃক সুনান ইবন মাজাহর ব্যাখ্যা গ্রন্থ। (পৃ. ২৬৪); নাইলুল আওতার (১/১৫১)

https://sunnah.global/hadeeth/bn/show/8911